"নিশ্চিত করি শোভন কর্মপরিবেশ,
গড়ে তুলি স্মার্ট বাংলাদেশ"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
(প্রশাসন অধিশাখা)
১৯৬ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি,
বিজয়নগর, ঢাকা-১০০০।
www.dife.gov.bd

**বিষয় : ২০২৩-২০২৪ অর্থবছরের জানুয়ারী, ২০২৪ মাসের স্টাফ সভার কার্যবিবরণী।**

সভাপতি : মোঃ আবদুর রহিম খান
মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)
সভার তারিখ : ২৫-০২-২০২৪ খ্রি.
সভার সময় : সকাল ১০.০০ ঘটিকা
স্থান : প্রধান কার্যালয়ের সম্মেলন কক্ষ (লেভেল-১৩)
উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর, আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনাপূর্বক সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| ১। | গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ | গত ২২-১১-২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত স্টাফ সভার কার্যবিবরণী সম্পর্কে জানতে চাওয়া হলে উপস্থিত সকলে কার্যবিবরণী যথাযথভাবে লিপিবদ্ধ করা হয়েছে মর্মে জানান। | ২২-১১-২০২৩ খ্রি: তারিখে অনুষ্ঠিত স্টাফ সভার কার্যবিবরণীতে কারো কোন আপত্তি/সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। | সহকারী মহাপরিদর্শক (শৃঙ্খলা ও তদন্ত উপশাখা) |
| ২। | অধিদপ্তরের সাংগঠনিক কাঠামো অনুমোদন | সভাপতি অধিদপ্তরের সাংগঠনিক কাঠামো অনুমোদন সংক্রান্ত কার্যক্রম জানতে চাইলে যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন অধিশাখা) সভায় বলেন, অধিদপ্তরের সাংগঠনিক কাঠামো ২৫ জুলাই ২০২৩ প্রশাসনিক মন্ত্রণালয় হতে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক প্রশিক্ষণ ও গবেষণা ইনস্টিটিউট এর পদসৃজনের সকল আনুষ্ঠানিকতা শেষ হওয়ায় সাংগঠনিক কাঠামো সংশোধন করে ০৭/০১/২০২৪ তারিখ পুনরায় জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। সাংগঠনিক কাঠামো অনুমোদনের জন্য ১১/০১/২০২৪ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সভা আহ্বান করা হয় যা অনিবার্য কারণবশত স্থগিত করা হয়। জনপ্রশাসন মন্ত্রণালয়ে যোগাযোগ অব্যাহত রয়েছে। | যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন অধিশাখা) এবং উপমহাপরিদর্শক (মানব সম্পদ উন্নয়ন শাখা)-কে অধিদপ্তরের সাংগঠনিক কাঠামো অনুমোদন সংক্রান্ত বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে এবং অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন অধিশাখা)<br>২। উপমহাপরিদর্শক (মানব সম্পদ উন্নয়ন শাখা) |
| ৩। | অধিদপ্তরের শূন্য পদ পূরণ | সভাপতি অধিদপ্তরের শূণ্য পদ পূরণ সংক্রান্ত কার্যক্রম জানতে চাইলে যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন অধিশাখা) এবং উপমহাপরিদর্শক (মানব সম্পদ উন্নয়ন শাখা) সভায় বলেন:-<br>**ক)** ১. ১৩ থেকে ২০ তম গ্রেডের শূন্যপদ বিষয়ক তথ্য: | ক) ১৩-২০তম গ্রেডের শূন্যপদের নিয়োগের কার্যক্রমের অগ্রগতি উপমহাপরিদর্শক (মানব সম্পদ উন্নয়ন শাখা)-কে পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন অধিশাখা)<br>২। উপমহাপরিদর্শক (মানব সম্পদ উন্নয়ন শাখা) |

| ক্র. নং | পদনাম ও গ্রেড | অনুমোদিত পদ | সরাসরি পূরণ যোগ্য | পদোন্নতি যোগ্য | কর্মরত পদ | শূন্যপদপূরণে গৃহীত ব্যবস্থা |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ১ | পরিসংখ্যান সহকারী ১৪তম | ১ | ১ | ০ | ০ | প্রশাসনিক মন্ত্রণালয় হতে ছাড়পত্র পাওয়া গেছে। | | |
| | | ২ | সাঁটলিপিকার কাম-কম্পিউটার অপারেটর ১৩তম | ৬ | ০ | ৩ | ৩ | জ্যেষ্ঠতার তালিকা করা হয়নি | | |
| | | ৩ | প্রধান সহকারী ১৩তম | ৫ | ৪ | ০ | ১ | প্রশাসনিক মন্ত্রণালয় হতে ছাড়পত্র পাওয়া গেছে। | | |
| | | ৪ | হিসাব রক্ষক ১৪তম | ১ | ১ | ০ | ০ | প্রশাসনিক মন্ত্রণালয় হতে ছাড়পত্র পাওয়া গেছে। | | |
| | | ৫ | উচ্চমান সহকারী ১৪তম | ২২ | ০ | ৩ | ১৯ | নিয়মতিক [illegible] পর পদোন্নতি দেয়া যাবে। | | |
| | | ৬ | সাঁট মুদ্রাক্ষরিক-কাম কম্পিউটার অপারেটর ১৪তম | ৭ | ৫ | ০ | ২ | প্রশাসনিক মন্ত্রণালয় হতে ছাড়পত্র পাওয়া গেছে। | | |
| | | ৭ | স্টোর কিপার ১৬তম | ১ | ১ | ০ | ০ | নিয়োগবিধিতে অন্তর্ভুক্ত হয়নি। | | |
| | | ৮ | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষ | ১৫২ | ৮ | ৬০ | ৮৪ | ১টি পদের ছাড়পত্র পাওয়া গেছে। ৭টি পদে ০৩/০৩/২০২৩ | | |

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | রিক ১৬তম | | | | | নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ ও আবেদন শেষে হয় ০৫/০৪/২০২৩ তারিখ | | |
| | | ৯ | হিসাব সহকারী ১৬তম | ২ | ১ | ০ | ১ | পদে ০৩/০৩/২০২৩ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ ও আবেদন শেষে হয় ০৫/০৪/২০২৩ তারিখ | | |
| | | ১০ | ডাটা এন্ট্রি অপারেটর ১৬তম | ১ | ১ | ০ | ০ | প্রশাসনিক মন্ত্রণালয় হতে ছাড়পত্র পাওয়া গেছে। | | |
| | | ১১ | টেলিফোন অপারেটর ১৬তম | ১ | ১ | ০ | ০ | পদে ০৩/০৩/২০২৩ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ ও আবেদন শেষে হয় ০৫/০৪/২০২৩ তারিখ | | |
| | | ১২ | গাড়ি চালক ১৬তম | ৩৬ | ১০ | ০ | ২৫ | ১টি পদের ছাড়পত্র পাওয়া গেছে। ৯টি পদে ০৩/০৩/২০২৩ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ ও আবেদন শেষে হয় ০৫/০৪/২০২৩ তারিখ | | |
| | | ১৩ | অফিস সহায়ক ২০তম | ১৪৭ | ২৪ | ০ | ১২১ | ১৩টি পদের প্রশাসনিক মন্ত্রণালয় | | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | হতে ছাড়পত্র পাওয়া গেছে। |
| ১৪ | পরিচ্ছন্নতা কর্মী ২০তম | ৫ | ১ | ০ | ৪ | ১টি পদের ছাড়পত্র পাওয়া গেছে। |

**খ) ১.** বাংলাদেশ সরকারি কর্মকমিশন (বিপিএসসি) ৪০ তম বিসিএস হতে ৯৪ জন ৯ম ও ১০ম গ্রেডের প্রার্থী নিয়োগের সুপারিশ করে:

| **ক্র. নং** | **পদের নাম** | **বিপিএসসি হতে সুপারিশকৃত পদসংখ্যা** | **স্বাস্থ্য পরীক্ষা ও পুলিশ ভেরিফিকেশন শেষে মন্ত্রণালয় কর্তৃক সুপারিশকৃত পদসংখ্যা** | **যোগদানকৃত পরিদর্শকের সংখ্যা** |
|---|---|---|---|---|
| **১** | **২** | **৩** | **৪** | **৫** |
| ১ | সহকারী মহাপরিদর্শক (সাধারণ) | ৮ | ৭ | ৪ |
| ২ | সহকারী মহাপরিদর্শক (সেইফটি) | ৬ | ৩ | ৩ |
| ৩ | সহকারী মহাপরিদর্শক (স্বাস্থ্য) | ১ | ০ | ০ |
| ৪ | শ্রম পরিদর্শক (সাধারণ) | ৫৭ | ৪৪ | ৩৫ |
| ৫ | শ্রম পরিদর্শক (স্বাস্থ্য) | ২১ | ১৮ | ১৪ |
| ৬ | আইন কর্মকর্তা | ১ | ১ | ১ |
| | মোট | ৯৪ | ৭৩ | ৫৭ |

খ) বাংলাদেশ সরকারি কর্ম কমিশন-এ শূন্যপদ পূরণের লক্ষ্যে প্রেরিত চাহিদার সর্বশেষ অগ্রগতি উপমহাপরিদর্শক (মানব সম্পদ উন্নয়ন শাখা)-কে পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।

০২. **বাংলাদেশ সরকারি কর্মকমিশন** ৪১ তম বিসিএস হতে ১৬ জন ৯ম ও ১০ম গ্রেড এর প্রার্থী নিয়োগের জন্য সুপারিশ করে:

| ক্র.নং | পদের নাম | বিপিএসসি হতে সুপারিশকৃত পদসংখ্যা | স্বাস্থ্য পরীক্ষা ও পুলিশ ভেরিফিকেশন চলমান |
|---|---|---|---|
| | ১ | ২ | ৩ |
| ১ | সহকারী মহাপরিদর্শক (সাধারণ) | ২ | ২ |
| ২ | সহকারী মহাপরিদর্শক (সেইফটি) | ১ | ১ |
| ৩ | শ্রম পরিদর্শক (সাধারণ) | ৯ | ৯ |
| ৪ | শ্রম পরিদর্শক (স্বাস্থ্য) | ৪ | ৪ |
| | | ১৬ | ১৬ |

০৩. অধিদপ্তরে সাংগঠনিক কাঠামোভুক্ত ৬ষ্ঠ, ৯ম ও ১০ম গ্রেডের সরাসরি নিয়োগযোগ্য শূন্যপদ সমূহের অধিযাচন সংক্রান্ত তথ্য: ৪৬ তম বিসিএস নন-ক্যাডার হতে ৪৫টি এবং বিপিএসপি নন-ক্যাডার পরীক্ষার মাধ্যমে নিয়োগের জন্য ৪২ পদের অধিযাচন প্রেরণ করা হয়েছে।

| ক্র.নং | পদের নাম | পদসংখ্যা | নিয়োগের ধরণ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | সহকারী মহাপরিদর্শক (সাধারণ) | ১৯ | ৪৬তমবিসিএস নন-ক্যাডার হতে | ৩০ নভেম্বর ২০২৩ বিজ্ঞপ্তি প্রকাশ ৩১/১২/২০২৩ আবেদন শেষ হয়। প্রিলিমিনারি পরীক্ষা |
| ২ | সহকারী মহাপরিদর্শক (সেইফটি) | ১২ | ৪৬তমবিসিএস নন-ক্যাডার হতে | |
| ৩ | সহকারী | ১ | ৪৬তমবিসিএ | |

| | | | | |
|---|---|---|---|---|
| | মহাপরিদর্শক (স্বাস্থ্য) | | স নন-ক্যাডার হতে | আগামী ২৬/০৪/২০২৪ |
| ৪ | সহকারী প্রোগ্রামার | ১ | ৪৬তমবিসিএস নন-ক্যাডার হতে | |
| ৫ | সহকারী মেইনটেন্যান্স | ১ | ৪৬তমবিসিএস নন-ক্যাডার হতে | |
| ৬ | শ্রম পরিদর্শক (সাধারণ) | ৯ | ৪৬তমবিসিএস নন-ক্যাডার হতে | |
| ৭ | শ্রম পরিদর্শক (স্বাস্থ্য) | ২ | ৪৬তমবিসিএস নন-ক্যাডার হতে | |
| ৮ | প্রোগ্রামার | ১ | **বিপিএসসি নন-ক্যাডার পরীক্ষা** | ২৬/০৬/২০২৩ তারিখ বিপিএসসি নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করে ও আবেদনের শেষ তারিখ ছিল ৩১/০৭/২০২৩। |
| ৯ | শ্রম পরিদর্শক (সেইফটি) | ৪১ | **বিপিএসসি নন-ক্যাডার পরীক্ষা** | |
| | | ৮৭ | | |

৪০তম বিসিএস হতে যোগদান না করায় ও ইস্তফা জনিত কারণে ৩৭টি পদ শূন্য আছে। পদগুলো সমন্বয় করে পরবর্তী বিসিএস হতে নিয়োগের জন্য অধিযাচন প্রেরণ করা হবে।

গ) **জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট এর ৪ ক্যাটাগরির ১৩ টি পদ সৃজনের সকল আনুষ্ঠানিকতা সম্পন্ন হয়েছে:**

| **ক্র. নং** | **পদনাম** | **পদ সংখ্যা** | **অস্থায়ী পদ** | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | **জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মতি** | **অর্থ বিভাগের সম্মতি** | **মন্ত্রিপরিষদ বিভাগের সুপারিশ** | **প্রশাসনিক মন্ত্রণালয়ের জিও** | **অর্থ বিভাগের পৃষ্ঠাংকনের তারিখ** |
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ | ০৮ |
| ০১ | যুগ্ম মহাপরিদর্শক | ০১ | ১৮/০৪/২০২৩ | ২৪/০৫/২০২৩ | ২১/১২/২০২৩ | ১১/০১/২০২৪ | ০৫/০২/২০২৪ |
| ০২ | উপ মহাপরিদর্শক | ০৪ | | | | | |

গ) NOSHTRI-এর জনবল সংক্রান্ত তথ্যের সর্বশেষ অগ্রগতি উপমহাপরিদর্শক (মানব সম্পদ উন্নয়ন শাখা)-কে পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ০৩ | সহাকারি মহাপরিদর্শক (সাধারণ) | ০১ | | | | | |
| ০৪ | সহাকারি মহাপরিদর্শক (স্বাস্থ্য) | ০১ | | | | | |
| ০৫ | সহাকারি মহাপরিদর্শক (সেইফটি) | ০২ | | | | | |
| ০৬ | শ্রম পরিদর্শক (সাধারণ) | ০১ | | | | | |
| ০৭ | শ্রম পরিদর্শক (সেফটি) | ০২ | | | | | |
| ০৮ | শ্রম পরিদর্শক (স্বাস্থ্য) | ০১ | | | | | |
| **মোট** | | **১৩** | | | | | |

ঘ) ১. ০৪/০৬/২০২৩ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে অধিদপ্তরের পূর্বের অস্থায়ী ১৫০টিমন্ত্রণালয় জিও জারি করে এবং পৃষ্ঠাঙ্কনের জন্য অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে।
এছাড়া, নবসৃজিত ২৬৮টি পদ প্রশাসনিক মন্ত্রণালয় হতে ২০ নভেম্বর ২০২৩ তারিখে ৩ বছরের জন্য সংরক্ষণ করা হয়েছে।

| মোট পদ | স্থায়ী পদ | অস্থায়ী পদ | সংরক্ষিত পদ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১১২৯ | ৬৯৮ | ৪৩১ | ৪১৮ | জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা ও প্রশিক্ষণ ইন্সটিটিউট এর নবসৃজিত ১৩টি পদ রয়েছে। |

২. অধিদপ্তরের রাজস্বখাতের ২০তম গ্রেডের নিরাপত্তা প্রহরি ০৫ (পাঁচ) জন, পরিচ্ছন্নতাকর্মী ০৪ (চার) জন, মালী ০১ (এক) জনকে ২০/০৮/২০২৩ তারিখে চাকরিতে স্থায়ীকরণ করা হয়। অফিস সহায়ক পদে কর্মরত ১২ জনকে ১৭-১০-২০২৩ তারিখে চাকরিতে স্থায়ীকরণ করা হয়।

৩. ১০ম গ্রেডের যে সকল কর্মকর্তা তাদের স্থায়ীকরণের শর্তপূরন করেছেন তাদের নথিপত্র পর্যালোচনা করা হচ্ছে। পর্যালোচনা শেষে স্থায়ীকরণ করা যেতে পারে।

৪. ১৬ থেকে ২০ তম গ্রেডের যেসকল কর্মচারী প্রকল্প হতে এসেছেন তাদের নিয়মিত করনের জন্য ১২/০২/২০২৪ তারিখে ডিপিসি অনুষ্ঠিত হয়। ডিপিসিতে কর্মচারীদের নথিপত্র পর্যালোচনা করা হয়। নিয়মিত করণের জন্য চেকলিস্ট অনুযায়ী তথ্যাদি পরবর্তী সভায় উপস্থাপনের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।

ঘ) বিভিন্ন গ্রেডের কর্মকর্তা/কর্মচারীদের পদ সংরক্ষণ, পদ স্থায়ীকরণ ও পদ নিয়মিতকরণ-এর সর্বশেষ অগ্রগতি উপমহাপরিদর্শক (মানব সম্পদ উন্নয়ন শাখা)-কে পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।

| | | | | |
|---|---|---|---|---|
| | | ঙ) যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন) সভায় জানান, জাতীয় পেশাগত স্বাস্থ্য ও সেফটি গবেষণা ও প্রশিক্ষণ ইন্সটিটিউটের আনুষ্ঠানিক কার্যক্রম শুরু না হওয়ায় এ বিষয়ে কোন ব্যবস্থা গ্রহণ করা হয়নি। যেহেতু জাতীয় পেশাগত স্বাস্থ্য ও সেফটি গবেষণা ও প্রশিক্ষণ ইন্সটিটিউট-এ একজন যুগ্মমহাপরিদর্শক, ০৪ জন উপমহাপরিদর্শক এবং ০১ জন শ্রম পরিদর্শককে পদায়ন করা হয়েছে, সেহেতু সাপোর্টিং স্টাফ (আনসার, অফিস সহায়ক) নিয়োগের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি নির্দেশ প্রদান করেন।<br><br>চ) প্রধান কার্যালয়ের হেল্পলাইন/কল সেন্টারের জন্য আউটসোর্সিং পদ্ধতিতে ০৪জন সুপারভাইজার সেবা ক্রয়ের অনুমোদন পাওয়া গেছে। ০৫/০২/২০২৩ তারিখে আউটসোর্সিং পদ্ধতিতে সুপারভাইজার সেবা ক্রয়ের জন্য ৩টি পত্রিকায় বিজ্ঞপ্তি দেয়া হয়। তদপ্রেক্ষিতে দরপত্র মূল্যায়নের জন্য দরপত্র মূল্যায়ন কমিটির ২টি সভা অনুষ্ঠিত হয়েছে। উপমহাপরিদর্শক (পরিকল্পনা ও উন্নয়ন) সভাপতিকে জানান, বিজ্ঞপ্তি অনুযায়ী প্রাপ্ত আবেদন সমূহ মূল্যায়ন কমিটি কর্তৃক বাছাই করা যাচ্ছে না; তাই এ বিষয়ে সভাপতির নির্দেশনা প্রয়োজন। | ঙ)<br>• NOSHTRI-এর জন্য আনসার চেয়ে দ্রুততম সময়ের মধ্যে মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে।<br>• অফিস সহায়ক পদে নিয়োগ/সংযুক্তির মাধ্যমে দায়িত্ব প্রদানের ব্যবস্থা নিতে হবে।<br><br>চ) দরপত্র মূল্যায়ন কমিটি হেল্পলাইনের জন্য আউট সোর্সিং জনবল নিয়োগের বিষয়ে পুনরায় বিজ্ঞপ্তি প্রকাশ এবং দরপত্র মূল্যায়নের জন্য আশু পদক্ষেপ গ্রহণ করবে। | |
| ৪। | অধিদপ্তরের নিয়োগ বিধিমালা সংশোধন | যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন) সভাপতিকে জানান, নিয়োগ বিধিমালা সংশোধন পূর্বক ড্রাফট প্রস্তুত করা হয়েছে যা দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করে যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করা হবে। | নিয়োগ বিধিমালা সংশোধন সংক্রান্ত অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন) |
| ৫। | প্রধান কার্যালয়ের মনিটরিং টিমের পরিদর্শন কার্যক্রম | ক) কার্যকর মনিটরিং পরিদর্শনের লক্ষ্যে প্রধান কার্যালয়ে ৫টি অধিশাখা হতে মোট ১০টি মনিটরিং টিম গঠনের উদ্দেশ্যে ২৪/০১/২০২৩ খ্রি: তারিখে ৪০.০১.০০০০.১০১.১৮.০০১.২১.৪৯ নং স্মারকে অফিস আদেশ জারী করা হয়েছে । বর্তমানে মনিটরিং টিমসমূহের কার্যক্রম চলমান রয়েছে।<br>খ) ২৪/০১/২০২৩ খ্রি: তারিখের ৪০.০১.০০০০.১০১.১৮.০০১.২১.৪৯ নং স্মারকে গঠিত প্রধান কার্যালয়ের ১০টি মনিটরিং টিমের মধ্যে ১০টি টিম **(জানুয়ারী, ২০২৩ থেকে জানুয়ারি/২০২৪)** লক্ষ্যমাত্রা অনুযায়ী ৩৯টি উপমহাপরিদর্শকের কার্যালয় পরিদর্শন সম্পন্ন করেছে এবং ৩৫টি পরিদর্শন প্রতিবেদন দাখিল করেছে। সভাপতি যে সকল টিম পরিদর্শন প্রতিবেদন দাখিল করেন নি, তাদেরকে দ্রুততম সময়ের মধ্যে পরিদর্শন প্রতিবেদন দাখিল করার জন্য নির্দেশ প্রদান করেন। | প্রধান কার্যালয়ের নবগঠিত মনিটরিং টিমসমূহের লক্ষ্যমাত্রা অনুযায়ী পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং প্রতিবেদন দ্রুততম সময়ের মধ্যে দাখিল করতে হবে এবং এতদ্বিষয়ক অগ্রগতি উপমহাপরিদর্শক (মনিটরিং ও মূল্যায়ন) পরবর্তী সভায় উপস্থাপন করবেন। | ১। উপমহাপরিদর্শক (মনিটরিং ও মূল্যায়ন শাখা)<br>২। মনিটরিং টিমের সদস্যবৃন্দ |
| ৬। | ক্রাইসিস ম্যানেজমেন্ট কমিটির কার্যক্রম | ক) আঞ্চলিক ও জেলা শ্রম ক্রাইসিস প্রতিরোধ কমিটির কার্যক্রম জোরদার করার জন্য গত ১৩ নভেম্বর, ২০২৩ খ্রি তারিখে (৩১ কার্যালয়) উপমহাপরিদর্শগণকে পত্র প্রেরণ করা হয়েছে। উপমহাপরিদর্শকগণকে প্রতি তিন মাসে একটি সভা আহবান করার জন্য গত ১০ ডিসেম্বর, ২০২৩ খ্রি: তারিখে (৩১ কার্যালয়) উপমহাপরিদর্শগণকে পত্র প্রেরণ করা হয়েছে। জেলা প্রশাসক মহোদয়ের সভাপতিত্বে আঞ্চলিক ক্রাইসিস প্রতিরোধ কমিটির **(অক্টোবর/২৩ থেকে ডিসেম্বর/২৩)** সভা উপমহাপরিদর্শকের কার্যালয়, চট্টগ্রাম ও ঢাকায় অনুষ্ঠিত হয়েছে এবং অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাওয়া গিয়েছে। এছাড়া জেলা শ্রম ক্রাইসিস প্রতিরোধ কমিটির সভা **(অক্টোবর/২৩ থেকে ডিসেম্বর/২৩)** | ক) রমজানের প্রাক্কালে বিভিন্ন কারখানা ও দোকানের শ্রমিকদের বেতন সঠিক সময়ে পরিশোধ করার জন্য ডাইফ থেকে জেলা শ্রম প্রতিরোধ কমিটির সদস্যগণ উপযুক্ত পদক্ষেপ গ্রহণ করবেন; এ ব্যাপারে প্রত্যেক জেলা অফিসে উপমহাপরিদর্শক বরাবর মহাপরিদর্শক মহোদয়ের | ১। অতিরিক্ত মহাপরিদর্শক<br>২। যুগ্মমহাপরিদর্শক (সাধারণ)<br>৩। উপমহাপরিদর্শক (মনিটরিং ও মূল্যায়ন শাখা) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | উপমহাপরিদর্শকের কার্যালয় যশোর, সিরাজগঞ্জ, মৌলভীবাজার, টাঙ্গাইল, রাজশাহী, ফেনী, পাবনা, বগুড়া, মুন্সিগঞ্জ এবং দিনাজপুরে অনুষ্ঠিত হয়েছে এবং উপমহাপরিদর্শকের কার্যালয় যশোর, সিরাজগঞ্জ, মৌলভীবাজার, টাঙ্গাইল, রাজশাহী, ফেনী, পাবনা, বগুড়া, মুন্সিগঞ্জ এবং দিনাজপুর অনুষ্ঠিত সভার কার্যবিবরণী প্রেরণ করেছে ।<br>খ) গত ০৫ অক্টোবর, ২০২৩ খ্রি: এবং ৩১ অক্টোবর, ২০২৩ খ্রি: তারিখে অতিরিক্ত মহাপরিদর্শক মহোদয়ের সভাপতিত্বে সকল উপমহাপরিদর্শকের (৩১ জেলা) অংশগ্রহণে প্রধান কার্যালয়ের সভা কক্ষে ক্রাইসিস কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার কার্যবিবরণী সংযুক্তিমতে উপস্থাপন করা হলো। | নির্দেশনা মোতাবেক পত্র প্রেরণ করতে হবে।<br>খ) উপমহাপরিদর্শক (মনিটরিং ও মূল্যায়ন) ৩১টি উপমহাপরিদর্শকের কার্যালয়ের সাথে প্রতি তিন মাসে ১টি সভা করবেন এবং এতদসংক্রান্ত সভা আয়োজন করে কার্যবিবরণীতে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নপূর্বক ৩১টি কার্যালয়ের সাথে সমন্বয় সাধন করবেন। | |
| ৭। | APA বাস্তবায়ন সংক্রান্ত। | ক. ২.৫.১ প্রশিক্ষণের মাধ্যমে দেশে ও বিদেশে পেশাগত জ্ঞান অর্জন ও অভিজ্ঞতা বিনিময় এবং ৫.১.২ সূচকে গবেষণা পরিচালনার জন্য বাজেট বরাদ্দ করণ এই দুইটি সূচকে শতভাগ অর্জন নিশ্চিত হয়নি। এছাড়া সকল সূচকে অর্জন সন্তোষজনক এবং বছরান্তে অর্জন নিশ্চিত হবে। বাজেট শাখা হতে বলা হয়েছে আর কোন ধরনের প্রশিক্ষণ আয়োজন না করা।<br><br>খ. ২০২৩-২৪ অর্থবছরের সকল প্রমানক যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়।<br><br>গ. অনলাইনে সকল জেলার সাথে আলোচনা করা হয়। | ক) ২০২৩-'২৪ অর্থবছরের নির্ধারিত সকল সূচকের লক্ষ্যমাত্রা শতভাগ নিশ্চিত করতে হবে এবং এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।<br>খ) APA লক্ষ্যমাত্রা বাস্তবায়নের নিমিত্ত সকল প্রমাণক সংগ্রহপূর্বক তা সংরক্ষন করতে হবে এবং দপ্তরের সকল ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে মন্ত্রণালয়ের সকল ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের সাথে ইন-পারসন যোগাযোগ করে সংশ্লিষ্ট প্রমাণক মন্ত্রণালয়ে প্রেরণপূর্বক সংশ্লিষ্ট ডেস্কে সঠিকভাবে পৌছালো কিনা-তা নিশ্চিত করতে হবে।<br>গ) এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে প্রতিমাসে দপ্তরের স্টাফ সভা এবং মাসিক সমন্বয় সভার পূর্বেই ৩১টি কার্যালয়ের এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তার সাথে অনলাইনে সভা করতে হবে। | জনাব মনোয়ার হোসেন পরিসংখ্যান ও গবেষণা কর্মকর্তা ও এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ৮। | সিটিজেন চার্টার | APA লক্ষ্যমাত্রা অনুযায়ী এ পর্যন্ত সকল কাজ সম্পন্ন হয়েছে। | সিটিজেন চার্টার সংক্রান্ত সকল কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন অধিশাখা)<br>২। জনাব মো: ফোরকান আহসান, পিআরও |

<table>
<tr>
<td>৯।</td>
<td>শুদ্ধাচার</td>
<td>জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২৪ এর বাস্তবায়ন অগ্রগতি:<br>জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২৪ মোতাবেক ২য় কোয়ার্টারের সকল কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করা হয়েছে। ইতোমধ্যে মন্ত্রণালয়ে ২য় কোয়ার্টারের ফিডব্যাক সভা অনুষ্ঠিত হয়েছে। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২৪ ২য় কোয়ার্টারের সকল প্রতিবেদন ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। বর্তমানে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২৪ এর ৩য় কোয়ার্টারের কার্যক্রম চলমান। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২৪ এর বিভিন্ন সূচক বাস্তবায়নকারী ব্যক্তি/ পদকে নির্ধারিত সময়ের মধ্যে যথাযথভাবে সকল সূচক বাস্তবায়নের জন্য পত্র প্রেরণ করা হচ্ছে।</td>
<td>২০২৩-'২৪ অর্থবছরের শুদ্ধাচার কাঠামোর অন্তর্ভুক্ত সকল সূচকে লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত যথাযথ কার্যক্রম গ্রহণ করতে হবে এবং তার প্রমাণক প্রধান কার্যালয়ের শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে সমন্বয়পূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। একইসাথে শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে শতভাগ লক্ষ্যমাত্রা অর্জনের সার্বিক বিষয়ে তদারকি করতে হবে।</td>
<td>১। উপমহাপরিদর্শক (স্বাস্থ্য) ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা<br><br>২। জনাব মো: শরীফুল ইসলাম, শ্রম পরিদর্শক (স্বাস্থ্য) ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা</td>
</tr>
<tr>
<td>১০।</td>
<td>SDG বিষয়ক কার্যক্রম</td>
<td>SDG বিষয়ক কার্যক্রম অব্যাহত রয়েছে এবং জেলা পর্যায়ে অফিস গুলোতে SDG বিষয়ক কার্যক্রম মনিটরিং করা হচ্ছে।</td>
<td>SDG বিষয়ক কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</td>
<td>১। উপমহাপরিদর্শক (অর্থ ও হিসাব)<br><br>২। জনাব মনোয়ার হোসেন পরিসংখ্যান ও গবেষণা কর্মকর্তা</td>
</tr>
<tr>
<td>১১।</td>
<td>প্রশিক্ষণ</td>
<td>উপমহাপরিদর্শক (প্রশাসন) জানান যে, এপিএ লক্ষ্যমাত্রা অনুযায়ী ৫০০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়। বাজেট স্বল্পতার জন্য প্রশিক্ষণ স্থগিত রাখা হয়েছে। ইতোমধ্যে ৪১১ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং প্রশিক্ষণ ক্যালন্ডার ড্রাফট প্রস্তুত করা হয়েছে। তিনি সভায় প্রস্তাব করেন যে, ডেনমার্ক সরকারের সাথে চলমান প্রকল্পের জন্য অনুমোদিত কর্মপরিকল্পনা অনুযায়ী ০৮টি গ্রুপের প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ সম্পন্ন করে এপিএ লক্ষ্যমাত্রা পূরণ করা যেতে পারে।</td>
<td>এপিএ লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন করতে হবে।</td>
<td>১। যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন অধিশাখা)<br>২। উপমহাপরিদর্শক (প্রশাসন শাখা)</td>
</tr>
<tr>
<td>১২।</td>
<td>সাধারণ শাখার কার্যক্রম</td>
<td>ক)<br>০১) নতুন লাইসেন্স এর তথ্যঃ
<table>
<tr><td>টিম লিডার</td><td>আবেদন গ্রহণ</td><td>অনুমোদিত</td><td>কার্যক্রম চলমান</td><td>নামঞ্জুর</td></tr>
<tr><td>খালিদ ইবনে জাহাঙ্গীর</td><td>৯৬</td><td>৫৫</td><td>২৫</td><td>১৬</td></tr>
<tr><td>খালিদ ইবনে জাহাঙ্গীর</td><td>৪৪</td><td>২২</td><td>১৭</td><td>৫</td></tr>
<tr><td>কোরবান</td><td>১০৩</td><td>৫৩</td><td>২১</td><td>২৯</td></tr>
<tr><td>মনোয়ার</td><td>৭০</td><td>৩০</td><td>৩০</td><td>১০</td></tr>
<tr><td>মোট</td><td>৩১৩</td><td>১৬০</td><td>৯৩</td><td>৬০</td></tr>
</table>
০২) নবায়ন সংক্রান্ত তথ্যঃ
<table>
<tr><td>টিম লিডার</td><td>আবেদন গ্রহণ</td><td>অনুমোদিত</td><td>কার্যক্রম চলমান</td><td>নামঞ্জুর</td></tr>
<tr><td>খালিদ ইবনে জাহাঙ্গীর</td><td>১১৭</td><td>৭৮</td><td>২৮</td><td>১১</td></tr>
<tr><td>খালিদ</td><td>১১৭</td><td>৯১</td><td>২১</td><td>৫</td></tr>
</table>
</td>
<td>ক) সাধারণ অধিশাখার ০১। নতুন লাইসেন্সের তথ্য ০২। নবায়ন সংক্রান্ত তথ্য এবং ০৩। চাকরি নিয়োগ বিধিমালার জন্য মডেল বিধিমালা প্রস্তুত।<br>০৪। প্রতিটি টিমে খাত ভিত্তিক চলমান নথির হালনাগাদ তথ্য পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।<br>০৫। নামঞ্জুরকৃত এবং শাস্তি স্বরুপ বাতিলকৃত লাইসেন্সের জন্য পৃথক রেজবুক সংরক্ষণ করতে হবে।<br><br>খ) যে সকল প্রতিষ্ঠান ২-৪ বছর অর্থাৎ দীর্ঘমেয়াদে নবায়ন করছে না তার তালিকা প্রস্তুত করে তাদেরকে নোটিশ প্রদান করতে হবে এবং সংশ্লিষ্ট উপমহাপরিদর্শকের কার্যালয় অনবায়নকৃত প্রতিষ্ঠানের</td>
<td>১। যুগ্মমহাপরিদর্শক (সাধারণ অধিশাখা)<br><br>২। উপমহাপরিদর্শক (সাধারণ শাখা)</td>
</tr>
</table>

<table>
<tr>
<td></td>
<td></td>
<td>
<table>
<tr><td>ইবনে জাহাঙ্গীর</td><td></td><td></td><td></td><td></td></tr>
<tr><td>কোরবান</td><td>১৪১</td><td>১০১</td><td>৩০</td><td>১০</td></tr>
<tr><td>মনো য়ার</td><td>১৪৬</td><td>৮৯</td><td>৫১</td><td>৬</td></tr>
<tr><td>মোট</td><td>৫২১</td><td>৩৫৯</td><td>১৩০</td><td>৩২</td></tr>
</table>
০৩) চাকরি নিয়োগ বিধিমালা ও কর্মীনিয়োগ বিধিমালা প্রক্রিয়াটি সহজীকরণ করন বিষয়ে গত ১৩/১২/২০২৩ তারিখে একটি ৫ সদস্যের কমিটি গঠন করা হয়েছে ও কার্যক্রম চলমান।<br>
০৪) প্রতিটি টিমে খাত ভিত্তিক চলমান নথির তথ্যঃ
<table>
<tr><th>ক্রমিক নং</th><th>টিম লিডার</th><th>নতুন লাইসেন্স সংক্রান্ত নথি</th><th>নবায়ন সংক্রান্ত নথি</th><th>চাকরি নিয়োগ বিধিমালা সংক্রান্ত নথি</th></tr>
<tr><td>১</td><td>খালিদ ইবনে জাহাঙ্গীর</td><td>২৫</td><td>২৮</td><td>৪</td></tr>
<tr><td>২</td><td>খালিদ ইবনে জাহাঙ্গীর</td><td>১৭</td><td>২১</td><td>১৩</td></tr>
<tr><td>৩</td><td>কোরবান</td><td>২১</td><td>৩০</td><td>১৮</td></tr>
<tr><td>৪</td><td>মনোয়ার</td><td>৩০</td><td>৫১</td><td>৭</td></tr>
<tr><td>মোট</td><td></td><td>৯৩</td><td>১৩০</td><td>৪২</td></tr>
</table>
৫) নামঞ্জুরকৃত এবং শাস্তি স্বরূপ বাতিলকৃত লাইসেন্সের জন্য পৃথক রেজবুক সংরক্ষণ করা হয়।<br>
খ) কার্যক্রম চলমান রয়েছে।<br>
গ) ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক আবেদন সরাসরি সাধারণ শাখা কর্তৃক গ্রহণ করা হচ্ছে।
</td>
<td>ব্যাপারে খোঁজ খবর গ্রহণ করবে, তারা আদও তাদের ব্যবসা পরিচালনা করছেন কিনা। এ ব্যাপারে উপমহাপরিদর্শক (সাধারণ শাখা)-কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে পরবর্তী সভায় অগ্রগতি উপস্থাপন করতে হবে।<br><br>গ) ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক আবেদন সরাসরি সাধারণ শাখা কর্তৃক গ্রহণ করতে হবে।</td>
<td></td>
</tr>
<tr>
<td>১৩।</td>
<td>হেল্প লাইন (১৬৩৫৭) এবং ম্যানুয়ালি ও অন্যান্য মাধ্যমে প্রাপ্ত অভিযোগ বিষয়ক কার্যক্রম</td>
<td>ক) গত ১৩ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রি: তারিখে ৪০.০১.০০০০.০০০. ৯৯. ০৫৫.২৩.৫০ নং স্মারকের প্রধান কার্যালয়ের হেল্পলাইন সম্পর্কিত অফিস আদেশে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ নিয়মিত দায়িত্ব পালন করছেন।<br>খ) গত ১৩ নভেম্বর, ২০২৩ খ্রিঃ তারিখে ৩১ কার্যালয়কে ম্যানুয়ালী এবং অনলাইনে প্রাপ্ত অভিযোগসমূহ আবশ্যিকভাবে লিমা সফটওয়্যারে ইনপুট, অভিযোগ নিষ্পত্তির ক্ষেত্রে আবশ্যিকভাবে লিমা সফটওয়্যারের অভিযোগ শীট আপডেট করা এবং অভিযোগ নিষ্পত্তির হার বৃদ্ধির জন্য পত্র প্রেরণ করা হয়েছে এবং গত ২১ নভেম্বর, ২০২৩ খ্রিঃ বিকাল ৩:১৫ ঘটিকায় যুগ্মমহাপরিদর্শক (সাধারণ অধিশাখা) মহোদয়ের সভাপতিত্বে অনলাইনে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তির হার বৃদ্ধির জন্য করনীয় নির্ধারণে গঠিত কমিটির সভা যুগ্মমহাপরিদর্শক (সাধারণ অধিশাখা) এর কক্ষে অনুষ্ঠিত হয়েছে।</td>
<td>ক) হেল্পলাইনে কর্মরত সকল কর্মকর্তাকে যথাযথভাবে দায়িত্ব পালন করতে হবে এবং উপমহাপরিদর্শক (মনিটরিং ও মূল্যায়ন শাখা) তা তদারকি করবেন।<br><br>খ) অনলাইনে (হেল্পলাইনে, লিমার মাধ্যমে) প্রাপ্ত অভিযোগের শতভাগ নিষ্পত্তি নিশ্চিতের লক্ষ্যে কার্যক্রম উপমহাপরিদর্শক (মনিটরিং ও মূল্যায়ন শাখা)-কে গ্রহণ করতে হবে এবং পরবর্তী সভায় সঠিকভাবে তথ্য উপস্থাপন করতে হবে।</td>
<td>১। উপমহাপরিদর্শক (মনিটরিং ও মূল্যায়ন শাখা)</td>
</tr>
</table>

<table>
<tr><td></td><td></td><td></td><td>গ) অভিযোগ নিষ্পত্তির ক্ষেত্রে অভিযোগ নিষ্পত্তির পর তা যথাযথভাবে লিপিবদ্ধ করা হয়েছে কিনা তা হেল্পলাইনে কর্মরত কর্মকর্তাদেরকে প্রতি মাসে প্রতিবেদন আকারে উপমহাপরিদর্শক (সাধারণ শাখা)-এর নিকট উপস্থাপন করতে হবে এবং এ সংক্রান্ত হালনাগাদকৃত তথ্য উপমহাপরিদর্শক (মনিটরিং ও মূল্যায়ন শাখা)-কে পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।</td><td></td></tr>
<tr><td>১৪।</td><td>অভিযোগ প্রতিকার ব্যবস্থা</td><td>ক) অভ্যন্তরীণ সকল অভিযোগ দ্রুততম সময়ের মধ্যে নিষ্পত্তি করার জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট যথাসময়ে প্রেরণ করা হয়। জানুয়ারি/২০২৪ মাসে জি আর এস এর মাধ্যমে মোট ০৭ টি অভিযোগ পাওয়া যায়। প্রাপ্ত অভিযোগ ১০০% নিষ্পত্তি করা হয়েছে।
<table>
<tr><th>সময়কাল</th><th>GRS মোট প্রাপ্ত অভিযোগ</th><th>নিষ্পন্ন অভিযোগ</th><th>নিষ্পন্নের শতকরা হার</th></tr>
<tr><td>জানুয়ারি/২৪</td><td>০২</td><td>০২</td><td>১০০%</td></tr>
</table>
খ) অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক)-গণের অনলাইন আইডি কার্যকরের জন্য ৩১ জেলা কার্যালয় বরাবর ইতোমধ্যে পত্র প্রেরণ করা হয়েছে।</td><td>ক) অভ্যন্তরীণ সকল অভিযোগ দ্রুততম সময়ে শতভাগ নিষ্পত্তি করতে হবে এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে অভিযোগ নিষ্পন্নের ক্ষেত্রে প্রমাণক সংরক্ষণ এবং অভিযোগের হালনাগাদকৃত অবস্থা পর্যবেক্ষণ করে সে অনুযায়ী অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।<br>খ) ৩১ উপমহাপরিদর্শকের কার্যালয়ের অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক)-গণের অনলাইন আইডি কার্যকর সংক্রান্ত তথ্য পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।</td><td>১। যুগ্ম মহাপরিদর্শক (সাধারণ)<br>২। জনাব কোরবান আলী, গ্রন্থাগারিক</td></tr>
<tr><td>১৫।</td><td>ডি-নথি কার্যক্রম</td><td>সভাপতি ডি-নথির কার্যক্রম শতভাগ অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করেন।</td><td>ডি-নথি কার্যক্রম শতভাগ অব্যাহত রাখতে হবে।</td><td>১। অতিরিক্ত মহাপরিদর্শক<br>২। যুগ্মমহাপরিদর্শক (সেইফটি)<br>৩। লিমা সাপোর্ট টিম।</td></tr>
<tr><td>১৬।</td><td>ওয়েবসাইট হালনাগাদকরণ</td><td>পত্র/স্থিরচিত্র/প্রতিবেদন ইত্যাদির অনুলিপি প্রাপ্তি সাপেক্ষে এবং সরাসরি/টেলিফোন/ই-মেইল/হোয়াটসঅ্যাপ মারফত চাহিদা অনুযায়ী প্রধান কার্যালয়ের ওয়েবসাইট আইসিটি সেল কর্তৃক নিয়মিত হালনাগাদ করা হয়।</td><td>প্রধান কার্যালয়ের অফিসিয়াল ওয়েবসাইট নিয়মিত আপডেট করতে হবে।</td><td>১। নথি উপস্থাপনকারী কর্মকর্তা (সকল)<br>২। জনাব মোঃ সাব্বির আনোয়ার, শ্রম পরিদর্শক (সাধারণ)</td></tr>
</table>

<table>
<tr>
<td>১৭।</td>
<td>ইনোভেশন</td>
<td>অধিদপ্তরের ইনোভেশন টিম কর্তৃক ডাইফের সিটিজেন চার্টারভুক্ত সেবা 'শ্রমিকের কাজের সময়ের নোটিশ অনুমোদন'-কে সহজীকরণের জন্য চিহ্নিত করা হয়েছে এবং ২৮ নভেম্বর ২০২৩ তারিখে একটি পত্রের মাধ্যমে মন্ত্রণালয়কে অবহিত করা হয়েছে।<br>সেবাটির বিদ্যমান ও প্রস্তাবিত প্রস্তাবিত প্রসেস ফ্লো, TCV analysis মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br>সেবাটি অনলাইনে প্রদানের জন্য ভেন্ডর প্রতিষ্ঠান টেকনোভিস্তাকে নির্দেশনা দেওয়া হয়েছে। ইতোমধ্যে সেবাটি টেস্ট সার্ভারে প্রদান করা হয়েছে। আইসিটি সেল কর্তৃক প্রয়োজনীয় পরীক্ষা নিরীক্ষার পর মার্চ/২০২৪ মাসে তা প্রোডাকশন সার্ভারে প্রদান করা হবে।</td>
<td>সেবা সহজীকরণের উদ্ভাবনী ধারণার বিষয়টি পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য মন্ত্রণালয়ের সাথে সমন্বয় সাধন করতে হবে এবং সবাইকে নতুন নতুন ধারণা প্রদানের জন্য অনুরোধ করা হলো।</td>
<td>১। অতিরিক্ত মহাপরিদর্শক<br>২। যুগ্মমহাপরিদর্শক (সকল)<br>৩। ইনোভেশন টিম।</td>
</tr>
<tr>
<td>১৮।</td>
<td>ঠিকাদারী সংস্থার লাইসেন্স ডিজিটাইজেশন</td>
<td>১) সফটওয়্যারটি বিসিসি-র সার্ভারে হোস্ট করা হয়েছে।<br>২) সফটওয়্যার কোয়ালিটি টেস্টের জন্য ভেন্ডর প্রতিষ্ঠানের কাছে সোর্স কোড চাওয়া হয়েছে। সোর্স কোড পাওয়া মাত্র টেস্টিং এর জন্য বিসিসি-তে প্রেরণ করা হবে।<br>৩) সফটওয়্যারটির লিংক ডাইফের অফিসিয়াল ওয়েবসাইটে প্রদান করা হয়েছে। যেহেতু অধিদপ্তরের সকল সেবা প্রদানের জন্য একটিই প্ল্যাটফর্ম ব্যবহার করা হবে, তাই এই সফটওয়্যারের জন্য পৃথক ডোমেন নেইম ক্রয় করা হয়নি।<br>৪) ভিডিও টিউটোরিয়াল প্রস্তুত করার জন্য ভেন্ডর প্রতিষ্ঠানকে নির্দেশনা দেওয়া হয়েছে।</td>
<td>১। কোয়ালিটি টেস্টের জন্য ভেন্ডর প্রতিষ্ঠান থেকে সোর্স কোড পাওয়া সাপেক্ষে বিসিসি-তে পত্র প্রেরণ করতে হবে।<br>২) সফটওয়্যারের জন্য পৃথক ডোমেন নেইম ক্রয় করতে হবে।<br>৩) আউটসোর্সিং লাইসেন্স আবেদনের জন্য ভিডিও টিউটোরিয়াল প্রস্তুত সংক্রান্ত অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।</td>
<td>আইসিটি সেল</td>
</tr>
<tr>
<td>১৯।</td>
<td>শিশুশ্রম নিরসন</td>
<td>যুগ্মমহাপরিদর্শক (স্বাস্থ্য) সভাপতিকে জানান-<br>ক) ২০২৩-২৪ অর্থবছর জানুয়ারি ২০২৪ পর্যন্ত শিশুশ্রম নিরসনকৃত তথ্য:
<table>
<tr><td>APA লক্ষ্যমাত্রা</td><td>অর্জন</td><td>হার</td><td>৩১ কার্যালয়ের লক্ষ্য মাত্রা</td><td>অর্জন</td><td>হার</td></tr>
<tr><td>৩৪৬০</td><td>২১৫০</td><td>৬২.১৩%</td><td>৩৭০০</td><td>২১৫০</td><td>৫৮.১০%</td></tr>
</table>
জানুয়ারি/২৪ মাসে নিরসনকৃত শিশুর সংখ্যা ৩৪৯ জন।<br>খ) শ্রম হতে নিরসন নিরসনকৃত যেসকল শিশুর মোবাইল নম্বর আছে কেবল সেকল শিশুর তথ্য উপস্থাপন করা হয়।</td>
<td>ক) শ্রম হতে নিরসনকৃত শিশুর সংখ্যাগত তথ্য (মোবাইল নম্বরসহ অন্যান্য সকল তথ্য) সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করতে হবে এবং তা সমন্বয় করে কার্যালয়ভিত্তিক সঠিক তথ্য যুগ্মমহাপরিদর্শক (স্বাস্থ্য) কে প্রতিটি সভায় উপস্থাপন করতে হবে।<br>খ) শ্রম হতে নিরসনকৃত যেসকল শিশুর মোবাইল নম্বর আছে কেবল সেকল শিশুর তথ্য যুগ্মমহাপরিদর্শক (স্বাস্থ্য-কে) সভায় উপস্থাপন করতে হবে।<br>গ) যে সকল জেলা শিশুশ্রম নিরসনে পিছিয়ে আছে সে সকল জেলার উপমহাপরিদর্শক বরাবর দ্রুততম সময়ের মধ্যে পত্র প্রেরণ করতে হবে।</td>
<td>যুগ্মমহাপরিদর্শক (স্বাস্থ্য)</td>
</tr>
<tr>
<td>২০।</td>
<td>নারীর প্রতি সহিংসতা প্রতিরোধ বিষয়ক অভিযোগ কমিটি</td>
<td>ক) ২০২৩-২৪ অর্থবছরে অত্র দপ্তরে নারীর প্রতি সহিংসতার কোন অভিযোগ পাওয়া যায় নি। অভিযোগ প্রাপ্তি সাপেক্ষে নারীর প্রতি সহিংসতা প্রতিরোধে "complaint committee" তাৎক্ষণিক পদক্ষেপ গ্রহণসহ মহামান্য হাইকোর্ট বিভাগের নির্দেশনাবলী অনুযায়ী দ্রুত নিষ্পত্তির যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে।<br>খ) নারীর প্রতি যৌন হয়রানী প্রতিরোধে গঠিত "complaint committee" ২০২৩-২৪ অর্থবছরে ৩ টি সভা করেছে।</td>
<td>ক) নারীর প্রতি কোন সহিংসতার অভিযোগ পাওয়া গেলে সংশ্লিষ্ট কমিটিকে তা দ্রুত নিষ্পত্তির যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>খ) গঠিত কমিটি কর্তৃক প্রতি</td>
<td>যুগ্ম মহাপরিদর্শক (স্বাস্থ্য)</td>
</tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| | | গ) কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর ও ব্লাস্টের আয়োজনে গত ২৭-০৯-২০২৩ খ্রিঃ চট্টগ্রামে ও ১৪-১২-২০২৩ খ্রিঃ ঢাকায় বিভাগীয় পর্যায়ে ওয়ার্কশপ করা হয়েছে। | ০৩ (তিন) মাসে একটি সভা আহবান করতে হবে এবং এর কার্যক্রম পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | |
| ২১। | Industrial safety unit (ISU) | যুগ্মমহাপরিদর্শক (সেইফটি) সভাপতিকে জানান,<br>Natianal Initiative ভুক্ত ১৫৪৯টি কারখানার মধ্যে ৩০৪টি কারখানা খোলা আছে এক্সেলেশন প্রটোকল অনুযায়ী ব্যবস্থা গ্রহন করা হচ্ছে। এছাড়া ৫৮টি কারাখানাকে ১০০% Initial Completion Ceritificate প্রদান করা হয়েছে। উল্লেখ্যে যে চালুকৃত ৩০৪টি কারখানার সর্বশেষ আপগ্রেট করার লক্ষ্যে ৩জন প্রকৌশলীকে Individual Consultant হিসেবে ৩ মাসের জন্য নিয়োগের নিমিত্তে প্রশাসন শাখায় ToR প্রস্তুত করে Procurement কার্যক্রম শুরুর জন্য প্রেরণ করা হয়েছে। তিনি আরও জানান যে,<br>Natianal Initiative বহির্ভুত এসেসমেন্টকৃত ৬৮৫টি কারখানার রেমিডিয়েশন ফলোআপ করার প্রয়োজন। উক্ত কাজ সম্পাদন করার জন্য প্রয়োজনীয় দক্ষ প্রকৌশলী না থাকার কারণে পরিদর্শন কার্যক্রম বিলম্বিত হচ্ছে। ILO এর সহিত Implemention Agreement সম্পূর্ণ করার পড়ে কার্যক্রম শুরু হবে। উল্লেখ্য যে, নতুন এসেসমেন্টকৃত কারখানার ২৫০০টি Assement রিপোর্ট ইতোমধ্যে RTM-এ সংযুক্ত করা হয়েছে। CAP প্রস্তুতকরণসহ RTM-এ আপডেট করার জন্য ToR প্রস্তুত করে সংশ্লিষ্ট শাখায় প্রেরন করা হয়েছে। | Natianal Initiative ভুক্ত ১৫৪৯টি কারখানার মধ্যে খোলা ৩০৪টি কারখানা পরিদর্শন করতে হবে এবং দক্ষ প্রকৌশলী নিয়োগের কার্যক্রম সংক্রান্ত অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (সেইফটি)<br>২। সংশ্লিষ্ট উপমহাপরিদর্শকগণ<br>৩। উপমহাপরিদর্শক (ISU) |
| ২২। | সেইফটি শাখার কার্যক্রম | উপমহাপরিদর্শক(সেইফটি) সভায় জানান,<br>১। **OSH Day উদযাপন:** OSH Day উদযাপন উপলক্ষ্যে গত ২৩ জানুয়ারি ২০২৪ প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে এবং ১৬টি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহিত হয়েছে। মন্ত্রণালয়ের ভেন্যু নির্ধারণ এবং OSH Day উদযাপনের জন্য পত্র প্রেরণ করা হয়েছে।<br>২। **ILO-EU Roadmap**: ILO-EU Roadmap অনুযায়ী অগ্রাধীকার ভিত্তিক সেক্টর নির্ধারন করে পরিদর্শন কার্যক্রম চলমান রয়েছে।<br>৩। **RSC:** RSC ও DIFE এর যৌথ পরিদর্শন (Joint Inspection) কার্যক্রম এখন শুরু করা হয়নি।<br>৪। **কনস্ট্রাকশন সেইফটিঃ** গত ৪ জানুয়ারি,২০২৪ ঢাকা জেলাকে কনস্ট্রাকশন সেফটি বিষয়ে প্রশিক্ষন প্রদান করা হয়েছে | ১। OSH Day উদযাপন সংক্রান্ত অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।<br>২। ILO-EU Roadmap অনুযায়ী অগ্রাধীকার ভিত্তিক সেক্টর নির্ধারন করে পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>৩। RSC ও DIFE এর যৌথ পরিদর্শন (Joint Inspection) কার্যক্রম শুরু করতে হবে।<br>৪। গাজীপুর জেলায় পরিদর্শকদের কনস্ট্রাকশন সেফটি বিষয়ক প্রশিক্ষন প্রদান করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (সেইফটি)<br>২। উপমহাপরিদর্শক (সেইফটি) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ৫. **কর্মক্ষেত্রে দুর্ঘটনা ও ক্ষতিপূরণ প্রদানঃ** ২০২৩-২৪ অর্থবছরে, জানুয়ারি, ২০২৪ পর্যন্ত কর্মক্ষেত্রে দুর্ঘটনায় ফ্যাটাল হতাহতের সংখ্যা ৪৮ জন। এর মধ্যে ক্ষতিপূরণপ্রাপ্ত শ্রমিক সংখ্যা ৪৬ জন। আদায়কৃত ক্ষতিপূরণের পরিমাণ ৬৩.১৫ লক্ষ টাকা।<br><br>৬. **কমপ্লায়েন্স নিশ্চিতকৃত কারখানা ও প্রতিষ্ঠানঃ** বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী, ২০২৩-২৪ অর্থবছরে কমপ্লায়েন্স নিশ্চিতকৃত কারখানা ও প্রতিষ্ঠানের লক্ষ্যমাত্রা ১৫০০ টি। উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহ হতে প্রাপ্ত তথ্য মতে, ২০২৩-২৪ অর্থবছরে, জানুয়ারি, ২০২৪ পর্যন্ত ৭ মাসে মোট ১২৯৫ টি কারখানায় কমপ্লায়েন্স নিশ্চিত করা হয়েছে।<br><br>৭. **সেফটি কমিটি গঠন সংক্রান্ত তথ্যঃ** জানুয়ারি, ২০২৪ পর্যন্ত সারাদেশে মোট ৭২৭৫ টি কারখানায় সেফটি কমিটি গঠন করা হয়েছে। ২০২৩-২৪ অর্থবছরে, জুলাই, ২০২৩ হতে জানুয়ারি, ২০২৪ পর্যন্ত ৫৩৬ টি কারখানায় সেফটি কমিটি গঠিত হয়েছে। | ৫। কর্মক্ষেত্রে হতাহতের আইনানুগ ক্ষতিপূরণ আদায়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>৬। ২০২৩-২৪ অর্থবছরে কমপ্লায়েন্স নিশ্চিতকৃত কারখানা ও প্রতিষ্ঠানের লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে।<br><br>৭। সেফটি কমিটি গঠন সংক্রান্ত অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | |
| ২৩। | কর্মক্ষেত্রে ঝুঁকি নিরূপণের জন্য উপযুক্ত কর্তৃপক্ষ সংক্রান্ত কার্যক্রম | কর্মক্ষেত্রে ঝুঁকি নিরূপণের জন্য উপযুক্ত কর্তৃপক্ষ সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন বিষয়ক একটি গাইডলাইন প্রস্তুত করা হয়েছে এবং তা কর্তৃপক্ষের অনুমোদনের জন্য অপেক্ষমান রয়েছে। | কর্মক্ষেত্রে ঝুঁকি নিরূপণের জন্য উপযুক্ত কর্তৃপক্ষ সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন বিষয়ক প্রস্তুতকৃত গাইডলাইনের অনুমোদন সংক্রান্ত অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | যুগ্মমহাপরিদর্শক (সেইফটি অধিশাখা) |
| ২৪। | ইউরোপীয় ইউনিয়ন বাজেট সাপোর্ট প্রসঙ্গে | উপমহাপরিদর্শক (পরিকল্পনা ও উন্নয়ন) সভাপতিকে জানান, ইউরোপীয় ইউনিয়ন বাজেট সাপোর্টে এর আওতায় গত ২০২১-২২ ও ২২-২৩ অর্থবছরে যথাক্রমে LIMS প্রকল্পটি নির্ধারিত সময়ে অনুমোদন ও নির্ধারিত সেক্টরের ১০০০টি কারখানা শ্রমিকদের ডাটাবেজ প্রস্তুককরনের মাধ্যমে 2 million Euro ও 7 million Euro সহায়তা অর্জন করা হয়েছে। চলতি অর্থবছরে আরও ৫০০ টি কারখানার ডাটাবেজ প্রস্তুতকরণের জন্য LIMS প্রকল্পের আওতায় কার্যক্রম চলমান রয়েছে। ইতিমধ্যে ৪৬০টি কারখানার শ্রমিকদের তথ্য ডিজিটালাইজড করা হয়েছে। অবশিষ্ট কার্যক্রম সম্পন্নের জন্য সংশ্লিষ্ট জেলা (ঢাকা, গাজীপুর, নারায়ণগঞ্জ, চট্টগ্রাম ও ময়মনসিংহ) কার্যালয় সমূহে উপমহাপরিদর্শক গণের সাথে এ বিষয়ে সভা করা প্রয়োজন। | সভাপতি (ঢাকা, গাজীপুর, নারায়ণগঞ্জ, চট্টগ্রাম ও ময়মনসিংহ) কার্যালয় সমূহের উপমহাপরিদর্শক গণের সাথে এতদ বিষয়ক সভা করার জন্য নির্দেশ প্রদান করেন। | উপমহাপরিদর্শক (পরিকল্পনা ও উন্নয়ন) |
| ২৫। | মামলা সংক্রান্ত তথ্য | আইন কর্মকর্তা সভাপতিকে জানান- (নিচের সারণি দ্রষ্টব্য) | আদালত ভিত্তিক মামলার সংখ্যা অর্থাৎ কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর এর পক্ষে এবং বিপক্ষে শ্রম আদালত ভিত্তিক মামলার সংখ্যা যেমন-শ্রম আপিল ট্রাইব্যুনালে কয়টি, হাইকোর্ট বিভাগে কয়টি, লিভ টু আপিল, রিভিউ তে কয়টি মামলা, প্রশাসনিক ট্রাইব্যুনাল, আপিলেট ট্রাইব্যুনালে কয়টি মামলা আছে এবং তার মধ্যে কনটেম্পট অব কোর্ট মামলা | জনাব মোঃ তাওহীদুল হক ভূইয়া আইন কর্মকর্তা |

| ক্র. নং | আদালতের নাম | বিবেচ্য মাসে দায়েরকৃত মামলার সংখ্যা | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | অদ্যাবধি দায়েরকৃত মামলার সংখ্যাঃ নিষ্পন্ন+অনিষ্পন্ন | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | |
| ১ | আপিল বিভাগ | - | - | ১৬ | |
| ২ | হাইকোর্ট বিভাগ | - | - | ২০১ | |
| ৩ | প্রশাসনিক আপিলেট ট্রাইবুনাল | - | - | ০৫ | |

<table>
<tr>
<td></td>
<td></td>
<td>
<table>
<tr><td>৪</td><td>প্রশাসনিক ট্রাইব্যুনাল</td><td>১</td><td>-</td><td>০৬</td><td></td></tr>
<tr><td>৫</td><td>শ্রম আদালত</td><td>৮৬</td><td>৪৪</td><td>২৭৩৪</td><td></td></tr>
<tr><td>৬</td><td>বিভাগীয় মামলা</td><td>-</td><td>২</td><td>৮৪</td><td>চলতি বছরে ০৫ (পাঁচ) টি বিভাগীয় মামলা দায়ের হয়েছে; তন্মধ্যে ০৪ (চার) টি মামলা নিষ্পত্তি হয়েছে; বাকি ০১ (এক) টি মামলা চলমান। এছাড়া, আলাদা ০৩ (তিন) টি অভিযোগের প্রেক্ষিতে গঠিত ০৩ (তিন) টি তদন্ত কমিটির তদন্ত-কার্য চলমান রয়েছে।</td></tr>
</table>
</td>
<td>আছে কিনা, তা ছক আকারে সভায় উপস্থাপন করতে হবে।</td>
<td></td>
</tr>
<tr>
<td>২৬।</td>
<td>মামলার সফটওয়্যারে মামলা সংক্রান্ত তথ্যের অন্তর্ভুক্তি</td>
<td>সভাপতি মামলার সফটওয়্যারে মামলা সংক্রান্ত তথ্যের অন্তর্ভুক্তি সম্পর্কে জানতে চাইলে যুগ্মমহাপরিদর্শক (অর্থ ও পরিকল্পনা অধিশাখা) জানান যে, Case Management and Monitoring Software এ গত ৫.০২.২০২৪ তারিখ পর্যন্ত ৬১৬টি মামলার তথ্য সিস্টেমে ইনপুট দেওয়া হয়েছে। এর মধ্যে প্রধান কার্যালয়ে ১৯২, ঢাকা ৯০টি, গাজীপুর থেকে ১৮২টি, নারায়ণগঞ্জ থেকে ৩৩৮ টি ,চট্টগাম থেকে ১৯৬টি, পাবনা থেকে ৯৬টি, নরসিংদী থেকে ৬৬টি, সিলেট ৬৯টি, টাঙ্গাইল ৬৭টি অবশিষ্ট কার্যালয় থেকে ৪৫৩টি মামলার তথ্য ইনপুট দেওয়া হয়েছে। তিনি সভায় আরও জানান যে, মামলা সংক্রান্ত সফটওয়্যারকে বেশি কার্যকরী করার জন্য জেলা অফিসের সকল কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রয়োজন।</td>
<td>মামলা সংক্রান্ত সফটওয়্যার বিষয়ক প্রশিক্ষণ আয়োজন করতে হবে এবং মামলার তথ্য সফটওয়্যারে অন্তর্ভুক্তি সংক্রান্ত তথ্য পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।</td>
<td>১। যুগ্মমহাপরিদর্শক (অর্থ ও পরিকল্পনা অধিশাখা)<br>২। জনাব মোঃ তাওহীদুল হক ভূইয়া আইন কর্মকর্তা</td>
</tr>
<tr>
<td>২৭।</td>
<td>অডিট আপত্তি সংক্রান্ত</td>
<td>যুগ্মমহাপরিদর্শক (অর্থ ও পরিকল্পনা অধিশাখা) সভাপতিকে জানান,<br>➢ অডিট আপত্তির সংখ্যাঃ মোট-৪২ টি (SFI: ২০ টি ও Non-SFI: ২২ টি), জড়িত টাকার পরিমাণঃ ১২,৩২,১৪,৩৩১/- টাকা।<br>➢ প্রধান কার্যালয়-১৯ টি (SFI- ০৪ টি, Non-SFI-১৫ টি), NOSHTRI প্রকল্প-০৮ টি (SFI- ০৫ টি, Non-SFI-০৩ টি), ঢাকা-০৯ টি (SFI- ০৫ টি, Non-SFI-০৪ টি), চট্টগ্রাম- SFI-০১ টি, গাজীপুর- SFI-০১ টি ,বগুড়া- SFI-০২ টি, খুলনা- SFI-০২ টি।<br>➢ ডিসেম্বর/২৩ মাসে আরসিসি ক্যাপ প্রকল্পের ০২ টি SFI আপত্তি নিষ্পত্তি করা হয়েছে (জড়িত টাকার পরিমাণ ১৫,২০,৬৮০/- টাকা) ।</td>
<td>ক) অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তি করতে হবে এবং পরবর্তী সভায় অগ্রগতি উপস্থাপন করতে হবে।</td>
<td>১। যুগ্মমহাপরিদর্শক (অর্থ ও পরিকল্পনা অধিশাখা)<br>২। উপমহাপরিদর্শক (অর্থ ও হিসাব শাখা)</td>
</tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| | | ➢ জানুয়ারী/২৪ মাসে প্রধান কার্যালয়ের ০৪ টি Non-SFI অডিট আপত্তি নিষ্পত্তির জন্য অডিট অধিদপ্তরে পত্র প্রেরণ করা হয়েছে (জড়িত টাকার পরিমাণ ৯১,০০,৬২১/- টাকা)।<br>➢ ডিসেম্বর/২৩ মাসে প্রধান কার্যালয়ের ২০২১-২২ অর্থবছরের ০২ টি অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে প্রমাণকসহ ব্রডশীট জবাব সামাজিক নিরাপত্তা অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে (স্মারক-৪০.০১.০০০০.১০১.০১.০০১.১৭.১৯৫, তারিখঃ ০৭-১২-২০২৩)।<br>➢ ১৯৭১ হতে ২০১২ সাল পর্যন্ত অডিট আপত্তির মধ্যে ডিসেম্বর/২৩ মাস পর্যন্ত মোট ০৮ জন কর্মকর্তার নিকট হতে ৬০,২২০/৪২ টাকা আদায় করা হয়েছে এবং উক্ত অডিট আপত্তির ব্রডশীট জবাব মন্ত্রণালয়ের মাধ্যমে অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। ০১ জন কর্মকর্তার পুত্র অডিট আপত্তিতে জড়িত টাকা প্রদানের জন্য যোগাযোগ করেছেন।<br>➢ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ে অনুষ্ঠিতব্য অডিট আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত ত্রিপক্ষীয় সভায় উপস্থাপনের জন্য কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের ১৯৭১ হতে ২০১২ সাল পর্যন্ত ১২ টি অডিট আপত্তির তথ্য সর্বশেষ অগ্রগতিসহ গত ১৭-০৮-২৩ তারিখে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br>➢ Audit Management and Monitoring System 2.0 (AMMS-2.0) ওয়েব সফটওয়্যার ব্যবহারের প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে।<br>➢ 'জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট' শীর্ষক প্রকল্প এর অডিট আপত্তিসমূহের ব্রডশীট জবাব প্রদানের জন্য পত্র প্রদান করা হলেও কোনো জবাব পাওয়া যায় নি এবং ২০২০-২১ অর্থবছরে উত্থাপিত উক্ত ০৮টি অডিট আপত্তির ব্রডশীট জবাব অদ্যাবধি প্রেরণ করা হয় নি। | | |

২। সকলের সুস্থতা কামনা করে পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: আবদুর রহিম খান)
মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)
ফোন: ০২-২২৬৬৬৪২০২
ই-মেইল: ig@dife.gov.bd

স্মারক নং- ৪০.০১.১০১.০০০০০.০৬.০১৫.১৭-৭৬৯ তারিখ: ০৭/০৩/২০২৪ খ্রি.

**অনুলিপি: কার্যার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। অতিরিক্ত মহাপরিদর্শক (যুগ্মসচিব), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
২। প্রকল্প পরিচালক (সকল), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্যে

৪। সচিবের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫-৯। যুগ্ম মহাপরিদর্শক (সকল), প্রধান কার্যালয়, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
১০-১৮। উপমহাপরিদর্শক (সকল), প্রধান কার্যালয়, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
১৯। স্টাফ অফিসার টু মহাপরিদর্শক, মহাপরিদর্শকের দপ্তর, প্রধান কার্যালয়, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (মহাপরিদর্শক মহোদয়ের অবগতির জন্য
২০। সহকারী মহাপরিদর্শক (সাধারণ/স্বাস্থ্য সেইফটি), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
২১। শ্রম পরিদর্শক (সাধারণ/স্বাস্থ্য/সেইফটি), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
২২। শ্রম পরিদর্শক (সাধারণ), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
২৩। অফিস কপি।

10/06/24

(মোঃ মেহেদী হাসান)
উপমহাপরিদর্শক (প্রশাসন শাখা)